

বোটানিক্যাল গার্ডেনে প্রবেশে চালু হলো ই-টিকেটিং

- A Monitor Desk Report

Date: 13 November, 2025



ঢাকাঃ ন্যাশনাল বোটানিক্যাল গার্ডেন বা জাতীয় উদ্ভিদ উদ্যানের আধুনিকায়ন এবং দর্শনার্থীদের প্রবেশ প্রক্রিয়াকে সহজ, স্বচ্ছ ও পরিবেশবান্ধব করতে ই-টিকেটিং চালু হয়েছে।

বুধবার (১২ নভেম্বর) অত্যাধুনিক ই-টিকেটিং প্ল্যাটফর্ম উদ্বোধন করা হয়েছে।

রাজধানীর মিরপুরে অবস্থিত জাতীয় উদ্ভিদ উদ্যানে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্ল্যাটফর্মটির উদ্বোধন করেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ।

এখন থেকে দর্শনার্থীরা বন অধিদফতরের ওয়েবসাইট থেকে কিউআর কোড-সংবলিত টিকেট সংগ্রহ করতে পারবেন, যা স্মার্টফোন বা প্রিন্ট আউট হিসেবে ব্যবহার করা যাবে।

বন অধিদফতর ও এআইয়ের যৌথ উদ্যোগে বাস্তবায়িত এই প্ল্যাটফর্ম দেশের উদ্যান ব্যবস্থাপনায় ডিজিটাল রূপান্তরের নতুন দিগন্ত উন্মোচন করেছে। এখন থেকে দর্শনার্থীরা ঘরে বসেই অনলাইনে টিকেট কেটে নির্ধারিত তারিখে উদ্যান পরিদর্শন করতে পারবেন।

এতে টিকেটের জন্য লাইনে দাঁড়ানোর ঝামেলা দূর হবে, সময় সাশ্রয় হবে এবং টিকেট বিক্রয় প্রক্রিয়ায় আসবে পূর্ণ স্বচ্ছতা। কাগজের ব্যবহার হ্রাস পাওয়ায় এটি পরিবেশ সংরক্ষণেও অবদান রাখবে।

উদ্বোধন অনুষ্ঠানের প্রধান অতিথি ড. ফারহিনা আহমেদ বলেন, ‘প্রাকৃতিক বন ও জীববৈচিত্র্য সংরক্ষণে এবং জনগণের মধ্যে পরিবেশ সচেতনতা বাড়াতে এই উদ্যোগ বিশেষ ভূমিকা রাখবে। ই-টিকেটিং প্ল্যাটফর্মের মাধ্যমে বাংলাদেশে স্মার্ট সংরক্ষণ ব্যবস্থাপনার এক নতুন অধ্যায় সূচিত হল।’

এ সময় তিনি দেশের অন্যান্য পরিবেশগত গুরুত্বপূর্ণ স্থানেও এ ধরনের ই-টিকেটিং ব্যবস্থা চালুর ওপর গুরুত্বারোপ করেন।

-B